



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এডিনিউ,
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০১.২৪.৬৪

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

জনাব এ. বি. এম আঃ বারী, স্বত্বাধিকারী, মেসার্স বারী এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১ ও ১.২/১০০), ঠিকানাঃ ৫৪/ডি, মনেশ্বর রোড,
ঝিগাতলা টেনারীমোড়, ঢাকা।

বিষয়: কোম্পানীর তালিকাভুক্ত ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১ ও ১.২/১০০) কে কালো
তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

জনাব/মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের রজনীগন্ধা গলি, বিবির বাগিচা ২ নং গেট, যাত্রাবাড়ী এলাকায় তিতাস গ্যাস কর্তৃক ইস্যুকৃত কার্যাদেশ ব্যতিরেকে আপনার মালিকানাধীন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১ ও ১.২/১০০) কর্তৃক ২ ইঞ্চি ব্যাসের ৫০ পিএসআইজি ১৬২ মিটার গ্যাস পাইপ লাইন স্থাপন করা হয়। আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক এহেন কার্যকলাপ গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৮, ১৫.৭, ১৫.১১, ১৬.৩ এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১, ৩.১.১, ৩.১.৫ ধারার পরিপন্থী।

এমতাবস্থায়, গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৮, ১৫.৭, ১৫.১১, ১৬.৩ এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১, ৩.১.১, ৩.১.৫ ধারা মোতাবেক এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১ ও ১.২/১০০)কে কালো তালিকাভুক্ত করা হলো। কালো তালিকাভুক্ত থাকা অবস্থায় আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল কার্যক্রম বন্ধ থাকবে।

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

২৭-০৬-২০২৪

প্রকৌ. অজিত চন্দ্র দেব

উপমহাব্যবস্থাপক(মেটাবিবি-৪)ও সদস্য সচিব, ১.১ ও
১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রণ কমিটি।

নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০১.২৪.৬৪/১ (৭)

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল);
- ২। উপমহাব্যবস্থাপক (সকল);
- ৩। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৪। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৫। ব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ৬। উপমহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সফটওয়্যার বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-কালো তালিকাভুক্তকরনের তথ্যাবলী ওয়েবসাইটে সন্নিবেশ করার অনুরোধসহ এবং
- ৭। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



২৭-০৬-২০২৪
প্রকৌ. অজিত চন্দ্র দেব
উপমহাব্যবস্থাপক

সকল সংযুক্তিসমূহ:

- (১) তালিকাভুক্তি স্থগিত/ কালো তালিকাভুক্তি ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের তালিকা।